

# ইবিতে ছাত্রী নির্যাতনে অভিযুক্ত সানজিদাকে ছাত্রলীগ থেকে বহিস্কার

ইবি থানা (কুষ্টিয়া) প্রতিনিধি

১৮ ফেব্রুয়ারি ২০২৩ ০৩:৫২ পিএম | আপডেট: ১৮ ফেব্রুয়ারি  
২০২৩ ০৩:৫২ পিএম

8  
Shares



অভিযুক্ত সানজিদা চৌধুরী। ছবি: সংগৃহীত

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ছাত্রী নির্যাতনের অভিযোগে অভিযুক্ত ছাত্রলীগ নেত্রী সানজিদা চৌধুরী ও তার সহযোগী তাবসসুম ইসলাম ক্যাম্পাস ছেড়েছেন। এ ছাড়া সানজিদাকে সংগঠন থেকে সাময়িক অব্যাহতি দিয়েছে ইবি শাখা ছাত্রলীগ।

বিষয়টি নিশ্চিত করে ইবি শাখা ছাত্রলীগের সভাপতি ফয়সাল সিদ্দিকী বলেন, ‘যেহেতু হাইকোর্ট থেকে একটি নির্দেশনা এসেছে। নতুন একটি তদন্ত কমিটি গঠিত হবে। তাই তদন্ত প্রতিবেদন প্রকাশিত না হওয়া পর্যন্ত তাকে সংগঠনের কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। বৃহস্পতিবার সন্ধ্যায় সে বাড়ি চলে গেছে।’

advertisement

তিনিআরও বলেন, ‘অভিযুক্ত যদি দোষী সাব্যস্ত হয়, তবে কেন্দ্রীয় ছাত্রলীগ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করব।’

advertisement 4

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয়ের দেশরত্ন শেখ হাসিনা হলের গণরুমে গত রোববার রাতে সাড়ে চার ঘণ্টা আটকে রেখে নির্যাতন করার অভিযোগ করেছেন প্রথম বর্ষের ওই ছাত্রী। তার ভাষ্য অনুযায়ী, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহসভাপতি সানজিদা চৌধুরীর নেতৃত্বে তার অনুসারীরা নির্যাতন চালিয়েছেন। নির্যাতনের সময় তাকে বিবস্ত্র করে ভিডিও ধারণ, গালাগাল এবং এই ঘটনা কাউকে জানালে মেরে ফেলার হুমকি দেওয়া হয়েছে।

এ বিষয়ে গত বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয় প্রক্টর, হলের প্রভোস্ট ও ছাত্র উপদেষ্টার কাছে লিখিত অভিযোগ দেন ভুক্তভোগী ওই ছাত্রী।

পরে বিষয়টি হাইকোর্ট পর্যন্ত গড়ায়। হাইকোর্টে এ বিষয়ে রিট করা হলে অভিযুক্ত দুই ছাত্রলীগ নেত্রীকে হল ছাড়ার নির্দেশ দেন আদালত। একইসঙ্গে এ ঘটনা তদন্তে কমিটি গঠনের নির্দেশও দেন আদালত। গতকাল বৃহস্পতিবার ভুক্তভোগীকে ক্যাম্পাসে ডাকে হল প্রশাসন। আজ তিনি ক্যাম্পাসে এসেছেন।

8  
Shares